রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২৯২ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715 /2292 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃপূঃনিঃঋণ/মঞ্জুরী/০৩/২০২৬/৩১৭১
Ref. No.

তারিখ : ১৫/১০/২০২৬
Date:

সাময়িক মঞ্জুরী আদেশ

বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় জনাব মোঃ জামির হোসেন, উপ-রেজিস্ট্রার, পরিবহন অফিস, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অনুকূলে গৃহনির্মাণ ঋণ সাময়িক মঞ্জুরী আদেশ।

বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্র অনুযায়ী বাস্তবায়নকারী প্রতিষ্ঠান অগ্রণী ব্যাংক লিঃ তাদের ১৪-১০-২০২৬ খ্রি. তারিখের ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃপূঃনিঃঋণ/মঞ্জুরী/০৩/২০২৬ নং স্মারকে প্রস্তাবিত ঋণগ্রহীতা জনাব মোঃ জামির হোসেন-এর অনুকূলে শর্ত সাপেক্ষে ৬০,০০,০০০.০০ (ষাট লক্ষ) টাকা ঋণ প্রদানের জন্য সাময়িক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

প্রস্তাবিত ঋণগ্রহীতার নাম (NID সহ)	মোঃ জামির হোসেন, নং ১৪৫৭০৭৪৮৯৪		
বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	অগ্রণী ব্যাংক লিমিটেড, ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া হিসাব নম্বর ০২০০০০৩০৮৪৪৯২, রাউটিং নং-০১০৫০০৬৭৯		
প্রস্তাবিত ঋণের পরিমাণ	৬০,০০,০০০.০০ (ষাট লক্ষ)		
ঋণ আবেদনের কারণ	☐ ফ্লাট ক্রয়	☑ বাড়ি নির্মাণ	☐ জমি ক্রয়সহ বাড়ি নির্মাণ
প্রস্তাবিত ঋণের ধরণ	☑ একক	☐ গ্রুপ ভিত্তিক	
মাসিক সুদ ভর্তুকির পরিমাণ	রিপেমেন্ট সিডিউল মোতাবেক		
মোট সুদ ভর্তুকির পরিমাণ	রিপেমেন্ট সিডিউল মোতাবেক		
সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ	☐ ঋণের মেয়াদ পূর্তি পর্যন্ত	☑ পিআরএল সমাপ্তির তারিখ ২৪-১০-২০৪২	

তবে শর্ত থাকে যে,

(ক) অর্থ বিভাগের সম্মতির পর বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং ঋণগ্রহীতার মধ্যে সম্পাদতি ঋণ চুক্তির একটি অনুলিপি (ঋণ পরিশোধের তফসিলসহ) অত্র অফিসে জমা দিতে হবে। প্রস্তুতকৃত তফসিল চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং ইসলামী বিশ্ববিদ্যালয়-এর পূর্বসম্মতি ব্যতিত এ তফসিল পরিবর্তন করা যাবে না।

(খ) সূদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পরিচালন বাজেটের আওতায় বিশ্ববিদ্যালয়-এর শিক্ষক/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি পরিশোধ করা হবে।

(গ) নীতিমালার ৪ (গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঘ) প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসাবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

(ঙ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(চ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।

চলমান পাতা-০২

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২৯২ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715 /2292 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : প্রশা:/ইবি-২০২৬/৩৩৯১ তারিখ : ১৫/১১/২০২৬
Ref. No. Date:

(ছ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(জ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনিতবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ঝ) ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি অর্থ বিভাগকে এবং সংশিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ঞ) ঋণ প্রদানের ক্ষেত্রে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান "বিশ্ববিদ্যালয় কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মান ঋণ প্রদান নীতিমালা এবং অর্থ বিভাগের বিগত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত বিষয়ে গঠিত "ওয়ার্কিং কমিটি (Working Committee)"-এর সভার সিদ্ধান্তসমূহ যথাযথ অনুসরণ করবে।

(ট) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্রের বিধানবলী পরিপালনযোগ্য হবে।

(ঠ) পরবর্তীতে কোনরূপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এই আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(ড) এ মঞ্জুরী আদেশের মেয়াদ আদেশ জারির তারিখ হতে সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন বলবৎ থাকবে।

১৫/১১/২০২৬

(মুহাম্মদ ইব্রাহিম খলিল)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
মোবাইল : ০১৮৭৫-০৯০১২৫

জনাব মোঃ জামির হোসেন
উপ-রেজিস্ট্রার
পরিবহন অফিস, ইসলামী বিশ্ববিদ্যালয়

১৫/১১/২০২৬

স্মারক নং প্রশা:/ইবি-২০২৬/৩৩৯১ তারিখ: ১৫/১১/২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
৩। পরিচালক, আইসিটি সেল, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
৪। সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান, অগ্রণী ব্যাংক লিঃ, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়া।
৫। নথি।

১৫/১১/২০২৬

(মোঃ নাজিম উদ্দিন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
মোবাইল: ০১৯১৫-৯৩৯২০৫